কালের কণ্ঠ

তারিখ ... 14 MAY 2015 ..
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ......

### ঢাকা বিশ্ববিদ্যালয়

# শহীদুল্লাহ্ হলের পুকুরে ডুবে ছাত্রের মৃত্যু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ্ হলের পুকুরে ডুবে গতকাল বুধবার এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। নিহত ছাত্রের নাম মাহফুজুল হায়দার রাহী। তিনি পদার্থবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র ছিলেন। তাঁর গ্রামের বাড়ি কুষ্টিয়ার আরুয়াপাড়ায়। তিনি ফজলুল হক মুসলিম হলে থাকতেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ফজলুল হক মুসলিম হল ডিবেটিং সোসাইটির প্রতিযোগিতা উপলক্ষে রাস্তায় আলপনা আঁকছিলেন রাহীসহ চার-পাঁচজন শিক্ষার্থী। আলপনা আঁকা শেষে পরিষ্কার-পরিচ্ছন্ন হতে পুকুর ঘাটে যান রাহী। কিন্তু মুখ ধোয়ার সময় তিনি পা পিছলে পুকুরে পড়ে যান। সাঁতার না জানায় রাহী পানিতে ডুবে যান। রাহীকে উদ্ধারে অন্য এক সহপাঠী এগিয়ে এলে তিনিও পানিতে পড়ে যান। দুজনই একে অন্যকে ধরে পানিতে হাবুডুবু খেতে থাকেন। এ সময় হলের এক কর্মচারী উদ্ধারে এগিয়ে এলেও তিনি একজনকে টেনে তুলতে সক্ষম হন। পরে রাহীকে উদ্ধারে ছাত্ররা পুকুরে নামলেও খুঁজে পাওয়া যায়নি। তাৎক্ষণিক ডুবুরি ডেকে খোঁজাখুঁজির পর রাহীকে উদ্ধার করা হয়। উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত ডাক্তার রাহীকে মৃত ঘোষণা করেন। রাহীর মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পরই তাৎক্ষণিকভাবে হাসপাতালে দেখতে যান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক ও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর এম আমজাদ আলী। রাহীর বন্ধুরাও হাসপাতালে গিয়ে ভিড় জমান।